

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৯.১৯.৭৯০

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮

০৯ সেপ্টেম্বর ২০২১


বিষয়: কর্মচারী নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র: রহনপুর পৌরসভার স্মারক নং-রহ:/ পৌর:১৮৮, তারি: ১৯/০৮/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে মেয়র, রহনপুর পৌরসভা জানিয়েছেন যে, রহনপুর পৌরসভায় স্থায়ী কর্মচারী ৪১ (একচল্লিশ) জন, কর্মকর্তা/কর্মচারীদের হালনাগাদ বেতন ভাতাদি পরিশোধিত আছে। রহনপুর পৌরসভায় কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদি বকেয়া নাই। কিন্তু ইতোপূর্বে মেয়র, রহনপুর পৌরসভার নিকট চাহিত তথ্যে জানানো হয়েছে যে (সংযুক্তি-০১), রহনপুর পৌরসভায় বর্তমানে স্থায়ী কর্মচারীর সংখ্যা ৪২ (বিয়াল্লিশ) জন, কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদি বকেয়া রয়েছে ১০ (দশ) মাস এবং কর্মকর্তা/কর্মচারীদের বেতন বকেয়া আছে ১,১৫,৪৫,২১৯/- (এক কোটি পনের লক্ষ পঁয়তাল্লিশ হাজার দুইশত উনিশ) টাকা। ফলে বিবেচ্য প্রস্তাবের সাথে প্রেরিত তথ্য এবং ইতোপূর্বে মেয়র কর্তৃক প্রেরিত তথ্যের সাথে সাংঘর্ষিক মর্মে প্রতীয়মান হচ্ছে। তাই রহনপুর পৌরসভায় বর্তমানে স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা কত, উক্ত পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি বকেয়া রয়েছে কিনা, থাকলে কত মাসের কত টাকা বকেয়া রয়েছে, প্রস্তাবিত পদে কর্মচারী নিয়োগ প্রদান করা বর্তমান স্থায়ী কর্মকর্তা/কর্মচারী এবং প্রস্তাবিত কর্মচারীদের বেতন কত হবে, উক্ত বেতন ভাতা নিয়মিত পরিশোধ করা যাবে কিনা ইত্যাদি তথ্য জানা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, রহনপুর পৌরসভায় বর্তমানে স্থায়ী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা কত, উক্ত পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি বকেয়া রয়েছে কিনা, থাকলে কত মাসের কত টাকা বকেয়া রয়েছে, প্রস্তাবিত পদে কর্মচারী নিয়োগ প্রদান করা বর্তমান স্থায়ী কর্মকর্তা/কর্মচারী এবং প্রস্তাবিত কর্মচারীদের বেতন কত হবে, উক্ত বেতন ভাতা নিয়মিত পরিশোধ করা যাবে কিনা ইত্যাদি বিষয় সরেজমিন তদন্ত করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



৯-৯-২০২১

মোহাম্মদ ফারুক হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৪১৪২


উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের
কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৯.১৯.৭৯০/১(৫)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮

০৯ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:



৯-৯-২০২১

মোহাম্মদ ফারুক হোসেন

উপসচিব